বণিক বার্তা শুক্রবার, সেপ্টেম্বর ১৩, ২০২৪ ■ ভাদ্র ২৯, ১৪৩১

## নর্থ সাউথ ইউনিভার্সিটি

# নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেলেন অধ্যাপক আবদুল হান্নান

North South University Library ★1992★

নিজস্ব প্রতিবেদক ■

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। তিনি এনএসইউর স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের (এসবিই) ডিন হিসেবে দুই মেয়াদে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি এনএসইউর এক্সটার্নাল রিলেশনসের নির্বাহী পরিচালক, বিবিএ প্রোগ্রামের পরিচালক, সিন্ডিকেট সদস্য এবং ক্যারিয়ার সার্ভিসের পরিচালক ছিলেন। এর আগে তিনি প্রাইম এশিয়া ইউনিভার্সিটির উপাচার্য এবং ইস্টার্ন ইউনিভার্সিটির উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেন।

এনএসইউর জনসংযোগ অফিস থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী কানাডার উইন্ডসর ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্রের বোস্টনের নর্থ ইস্টার্ন ইউনিভার্সিটি, কানাডার ক্যালগারি ইউনিভার্সিটি এবং বাংলাদেশের ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি চীনের ইউনান নরমাল ইউনিভার্সিটির স্কুল অব ইকোনমিকস অ্যান্ড ম্যানেজমেন্টের একজন খণ্ডকালীন অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। বাংলাদেশ, কানাডা, যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মোট ৩৪ বছরের শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা রয়েছে তার।

অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী যুক্তরাষ্ট্রের বোস্টনের নর্থইস্টার্ন ইউনিভার্সিটি থেকে পিএইচডি এবং অপারেশনস রিসার্চে এমএস ডিগ্রি অর্জন করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যানে বিএসসি এবং এমএসসি ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি কানাডার ক্যালগারি বিশ্ববিদ্যালয় থেকে পোস্টডক্টরাল ফেলোশিপ সম্পন্ন করেন।